



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



নং-কুসক-২০২১/২১৭

তারিখঃ ২০/১১/২০২১

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে মেধা তালিকা হতে ভর্তি নিম্নলিখিত ফিস ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক্লাস শুরু তারিখঃ ১২ ডিসেম্বর ২০২১ খ্রি. থেকে

ভর্তির তারিখ ও সময়ঃ- ০১/১২/২০২১ থেকে ০৭/১২/২০২১ খ্রি. পর্যন্ত

(সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ১০:০০ টা থেকে ১:০০ টা পর্যন্ত)

### ফিসের বিবরণ

০১.	সরকারি ভর্তি ফি	৩০.০০
০২.	বেতন (জুলাই-২০১৯ হতে জুন-২০২০)	৩৬০.০০
০৩.	রেজিস্ট্রেশন ফি	৮৩৫.০০
০৪.	সেশন চার্জ	৩৩০.০০
০৫.	অধিবৃত্তি ফি	১০০.০০
০৬.	পরিচয় পত্র ফি	৪০.০০
০৭.	মসজিদ ফি/ পূজা পার্বন (প্রযোজ্য মত)	৫০.০০
০৮.	রেড ক্রিসেন্ট ফি	১৫.০০
০৯.	রেঞ্জার ফি	২৫.০০
১০.	উন্নয়ন ফি	২০০.০০
১১.	নিরাপত্তা/নৈশ প্রহরী/ অত্যাধিকারী কর্মচারি ফি	৫০০.০০
১২.	লাইব্রেরি ফি	২৫.০০
১৩.	চিকিৎসা সেবা	২০.০০
১৪.	পরিবহন ও যোগাযোগ ফি	৫০.০০
১৫.	বিবিধ ফি	১০০.০০
১৬.	আইসিটি ফি	২০.০০
১৭.	বিজ্ঞান মেলা	২০.০০
১৮.	কম্পিউটার ল্যব ফি	৩০.০০
	মোট=	২৭৫০.০০

(দুই হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র)

### বিভাগীয় আদায়

ব্যবসায় শিক্ষা, মানবিক ও সামাজিক বিজ্ঞান	বিজ্ঞান বিভাগ
সেমিনার-৪০০, নির্বাচনী-৩৫০, ইনকোর্স-২০০, টার্ম পেপার-১৫০, শিক্ষা সফর-১০০ ও ব্যবস্থাপনা-৫০ = ১২৫০/=	সেমিনার-৫৫০, নির্বাচনী-৩৫০, ইনকোর্স-২০০, ল্যাব উন্নয়ন ফি-১০০, শিক্ষা সফর-১০০ ও ব্যবস্থাপনা-৫০ = ১৩৫০.০০
সর্বমোট = ২৭৫০+১২৫০= ৪,০০০/=	সর্বমোট = ২৭৫০+১৩৫০= ৪,১০০/=

অপর পাতা


**\*\*** ভর্তিচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে অনলাইন থেকে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত টাকা শিগ্গর ক্যাশে জমা পূর্বক (শিগ্গর ক্যাশের শটকোড KUGCM) অনলাইনে ভর্তির আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র উক্ত তারিখের মধ্যেই স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে (স্ব-স্ব বিভাগ শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি প্রার্থীদের সনদপত্র এবং নম্বরপত্রের ফটোকপি মূলকপির সাথে যাচাই বাছাই করে ভর্তি করবে। প্রত্যেক বিভাগ অন-লাইনে গিয়ে শিগ্গর ক্যাশে টাকা প্রদানের প্রমাণ নিশ্চিত করে ভর্তি ফরম জমা নেবে। কমিটি এ ব্যাপারে সহযোগিতা করবে।

উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে কোন শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ০৬ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

### আবেদন ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে

- (ক) এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি- ০২ কপি।
- (খ) স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি - ০২ কপি।
- (গ) মাস্টার্স ১মপর্ব পরীক্ষার নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি - ০২ কপি।
- (ঘ) সদ্য তোলা রঙিন পাসপোর্ট আকারের ছবি ০২ কপি (অনলাইন আবেদন ফরম দুই সেট স্ব-স্ব বিভাগে জমা দিবে)
- (ঙ) সকল মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

**বি: দ্র:** স্ব স্ব বিভাগ প্রতিদিন ভর্তি শেষে ভর্তির ফলাফলশিটে ভর্তিকৃতদের সিরিয়াল নম্বরে লাল কালিতে গোল বৃত্ত দ্বারা মার্কিং করে ভর্তি কমিটির আহ্বায়কের নিকট দুপুর ২:০০ টার মধ্যে জমা দিবে ও সর্বশেষ ভর্তি শেষে ১ সেট আবেদন ফরম মাস্টার্স শাখায় জমা দেবে এবং ০১ সেট বিভাগে সংরক্ষণ করবে।

  
(প্রফেসর কাজী মনজুর কাদির)  
অধ্যক্ষ  
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

### কপি বিতরণ :-

- ১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ২। বিভাগীয় প্রধান, সকল মাস্টার্স বিভাগ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৩। আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত), ভর্তি কমিটি-২০১৯-২০২০, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৪। ড. মোহাম্মদ আবুল কালাম আবাদ, সহযোগী অধ্যাপক, রস্ট্রবিজ্ঞান, তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৫। হিসাবরক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৬। ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৭। শাখা সহকারী, মাস্টার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৮। সংরক্ষণ নথি।